গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৯৬/২০১৮-১৯
ঢাকা, মঙ্গলবার ১৩ নভেম্বর ২০১৮, ২৯ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মন্ত্রিসভায় ট্যারিফ কমিশন (সংশোধন) আইনের খসড়া অনুমোদন

২। শিশুশ্রম নিরসনে স্বীকৃতি পেয়েছে বাংলাদেশ

৩। তরুণদের স্বপ্নের কথা শুনবেন প্রধানমন্ত্রী

৪। এক সপ্তাহ পিছিয়ে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট ৩০ ডিসেম্বর
ইভিএম ব্যবহার থেকে পেছানোর সুযোগ নেই : সিইসি

৫। অ্যাকর্ডের মেয়াদ আর বাড়ানো হবে না : বাণিজ্যমন্ত্রী

৬। অসংক্রামক রোগ প্রতিরোধে সমন্বিত উদ্যোগ প্রয়োজন : স্বাস্থ্যমন্ত্রী

৭। নির্বাচন পেছানোর সিদ্ধান্ত ইতিবাচক : সেতুমন্ত্রী

৮। নায়েমে শৃঙ্খলা ফিরেছে, প্রশিক্ষণ হচ্ছে নিয়মিত : শিক্ষামন্ত্রী

৯। তফসিলের পরই নির্বাচনকালীন সরকার শুরু : মন্ত্রিপরিষদ সচিব

১০। আজ থেকে সপ্তাহব্যাপী আয়কর মেলা শুরু

চলমান পাতা-২

১। **মন্ত্রিসভায় ট্যারিফ কমিশন (সংশোধন) আইনের খসড়া অনুমোদন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (১২ নভেম্বর সোমবার) সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে বাংলাদেশ ট্যারিফ কমিশন (সংশোধন) আইন ২০১৮-এর খসড়ার নীতিগত অনুমোদন দেওয়া হয়। সংস্থাটির নাম পরিবর্তন করে নতুন নাম করা হয়েছে বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশন। এ বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম বলেন, বিশ্ব-বাণিজ্যের সঙ্গে সমন্বয় করে এর কার্যাবলী নির্ধারণের জন্যই নাম পরিবর্তন করা হয়েছে। এ নামের বিষয়ে ব্যবসায়ীদেরও মতামত ছিল বলে তিনি জানান।

বাংলাদেশ থেকে পণ্যবাহী ট্রাক ও ট্রেইলার সরাসরি ভারতের আগরতলা পর্যন্ত যেতে পারবে। সীমান্তে ট্রাক বদলের প্রয়োজন হবে না। গতকাল (১২ নভেম্বর সোমবার) মন্ত্রিপরিষদের বৈঠকে বাংলাদেশ ও ভারতের মধ্যে স্বাক্ষরিত অ্যামেন্ডমেন্ট টু দ্য প্রটোকল অন ইনল্যান্ড ওয়াটার ট্রানজিট অ্যান্ড ট্রেড এর খসড়ার ভুতাপেক্ষ অনুমোদন দেওয়া হয়। এটি বাস্তবায়িত হলে বাংলাদেশ-আগরতলা সরাসরি পণ্যবাহী ট্রাক চলাচল শুরু হবে। মন্ত্রিপরিষদ সচিব বলেন, এ খসড়ায় আরও কয়েকটি বিষয়ের উল্লেখ আছে। তিনি বলেন, নৌ চলাচল সহজ করতে ৪৭০ কিলোমিটার নৌপথ খনন করবে বাংলাদেশ ও ভারত সরকার। সিলেটের জকিগঞ্জ থেকে আশুগঞ্জ এবং সিরাজগঞ্জ থেকে ভারতের দইখাওয়া পর্যন্ত এ নদীপথ খনন করতে ভারত ৮০ শতাংশ এবং বাংলাদেশ সরকার ২০ শতাংশ খরচ বহন করবে। বাংলাদেশ ও ভারতের মধ্যে যে নৌ প্রটোকল, এখানে পোর্ট অভ্ কল হিসেবে বাংলাদেশের পানগাঁও ও ভারতের আসামের ধুবড়ি অন্তর্ভুক্ত করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** ( শেষ পৃ,ক.৬), **নিউ নেশন** ( শেষ পৃ,ক.৬)।

২। **শিশুশ্রম নিরসনে স্বীকৃতি পেয়েছে বাংলাদেশ**

শ্রমিকদের কর্মপরিবেশের উন্নয়ন, শিশুশ্রম নিরসনে অবদানের জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃতি পেয়েছে বাংলাদেশ। সম্প্রতি ইউরোপের দেশ অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় অস্ট্রিয়ান সোশ্যাল ডেমোক্র্যাটস 'এন্টি চাইল্ড লেবার শ্লোগান' গত বছরের জন্য বাংলাদেশকে পুরস্কৃত করেছে। শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু এ পুরস্কার গ্রহণ করেন। গতকাল (১২ নভেম্বর সোমবার) মন্ত্রিপরিষদ সভায় তিনি এ গ্লোবাল অ্যাওয়ার্ড প্রধানমন্ত্রীর হাতে তুলে দেন। এ পুরস্কার মনোনয়নের প্রেক্ষাপটে বলা হয়, শিশুশ্রম নিরসন, জোরপূর্বক শ্রম নিরুৎসাহিতকরণ এবং নারী শ্রমিকদের জীবনমানের উন্নয়নের জন্য বাংলাদেশের শ্রম প্রতিমন্ত্রী আন্তর্জাতিক শ্রম সংস্থা-আইএলওতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এছাড়া সম্প্রতি বাংলাদেশে শ্রম আইন সংশোধনীতে শিশুশ্রম নিরসন, শিশু আইন এবং শ্রমিকদের ট্রেড ইউনিয়ন গঠন সহজীকরণকে গুরুত্ব দেওয়া হয়েছে। গর্মেন্টস শ্রমিকদের সর্বনিম্ন মজুরি ৭০ ডলার থেকে বাড়িয়ে ৯৫ ডলারে উন্নীত করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **সংবাদ** (পৃ.২,ক.৮)।

৩। **তরুণদের স্বপ্নের কথা শুনবেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নতুন প্রজন্ম ও বাংলাদেশ নিয়ে নিজের ভাবনার কথা তরুণদের সঙ্গে ভাগাভাগি করতে আগামী ১৬ নভেম্বর গণভবনে বেলা ৩টা থেকে বিকাল ৫টা পর্যন্ত 'লেটস টক' অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। নতুন প্রজন্ম ও বাংলাদেশ নিয়ে প্রধানমন্ত্রী তার ভবিষ্যৎ ভাবনার কথা জানাবেন, শুনবেন তরুণদের স্বপ্ন পূরণ এবং স্বপ্নের বাংলাদেশ গড়ার কথা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** ( শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.৮)।

৪। **এক সপ্তাহ পিছিয়ে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট ৩০ ডিসেম্বর**
**ইভিএম ব্যবহার থেকে পেছানোর সুযোগ নেই : সিইসি**

রাজনৈতিক দল ও জোটগুলোর দাবির মুখে এক সপ্তাহ ভোট পিছিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। আগামী ২৩ ডিসেম্বরের পরিবর্তে ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট অনুষ্ঠিত হবে। গতকাল (১২ নভেম্বর সোমবার) ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ইভিএম মেলা শেষে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা সাংবাদিকদের বলেন, বিভিন্ন রাজনৈতিক দলের অনুরোধে নির্বাচনের তারিখ পরিবর্তন করে ৩০ ডিসেম্বর করা হয়েছে। আর মনোনয়নপত্র দাখিলের শেষ সময় পরিবর্তন করে ২৮ নভেম্বর করা হয়েছে।

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা বলেছেন, প্রযুক্তির ব্যবহার প্রত্যেক জায়গায় চলে গেছে। নির্বাচনে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহার থেকে পেছানোর কোনো সুযোগ নেই। গতকাল (১২ নভেম্বর সোমবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ইভিএম মেলার উদ্বোধনী পর্বে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

**৫। অ্যাকর্ডের মেয়াদ আর বাড়ানো হবে না : বাণিজ্যমন্ত্রী**

সাভারের রানা প্লাজা দুর্ঘটনার পর দেশের পোশাকখাতের সংস্কারে কাজ করা ইউরোপের ক্রেতা জোট প্রতিষ্ঠান অ্যাকর্ডের বর্ধিত সময়ের পর আর মেয়াদ বাড়ানো হবে না বলে জানিয়ে দিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, দেশের পোশাক কারখানাগুলোর সংস্কার কাজ পরিদর্শনের জন্য নির্ধারিত পাঁচ বছরের মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে। এরপরও আরো ছয়মাসের মেয়াদ বাড়ানো হয়। ঐ মেয়াদও আগামী ৩০ নভেম্বর শেষ হবে। কিন্তু তারপরও অ্যাকর্ড থাকতে চায়। গতকাল (১২ নভেম্বর সোমবার) রাজধানীর একটি হোটেলে ডেনমার্ক সরকারের সহযোগিতায় পোশাক কারখানার উৎপাদন ও দক্ষতা বৃদ্ধির জন্য নেওয়া প্রকল্পের সমাপনী অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬)।

**৬। অসংক্রামক রোগ প্রতিরোধে সমন্বিত উদ্যোগ প্রয়োজন : স্বাস্থ্যমন্ত্রী**

অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট সেক্টরগুলোর সমন্বিত উদ্যোগের ওপর গুরুত্বারোপ করেছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণে জনগণের মধ্যে স্বাস্থ্যসম্মত জীবনাচরণের সচেতনতা গড়ে তুলতে হবে। নিয়মিত কায়িক পরিশ্রমের পাশাপাশি ফাস্টফুড ও জাংকফুড গ্রহণে মানুষকে নিরুৎসাহিত করতে হবে। সচিবালয়ে গতকাল (১২ নভেম্বর সোমবার) 'অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে জাতীয় বহুখাতভিত্তিক সমন্বয়' কমিটির প্রথম সভায় সভাপতিত্বকালে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **সমকাল** (পৃ.৫,ক.৫)।

**৭। নির্বাচন পেছানোর সিদ্ধান্ত ইতিবাচক : সেতুমন্ত্রী**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের নতুন তারিখকে স্বাগত জানিয়ে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিভিন্ন দলের দাবির মুখে নির্বাচন কমিশন নির্বাচনের তারিখ পেছানোর যে সিদ্ধান্ত নিয়েছে, তা ইতিবাচক। এতে আওয়ামী লীগের আপত্তি নেই। তবে তারিখ না পেছালেও নির্বাচনে আসত জাতীয় ঐক্যফ্রন্ট। কারণ তারা ইতোমধ্যে নির্বাচনে এসে গেছে। গতকাল (১২ নভেম্বর সোমবার) আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার ধানমণ্ডির রাজনৈতিক কার্যালয়ে সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫)।

**৮। নায়েমে শৃঙ্খলা ফিরেছে, প্রশিক্ষণ হচ্ছে নিয়মিত : শিক্ষামন্ত্রী**

১০ বছরে জাতীয় শিক্ষাব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর প্রশিক্ষণ কার্যক্রমে শৃঙ্খলা ফিরে এসেছে জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নায়েমে নিয়মিত প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। সব কর্মকর্তা প্রশিক্ষণ পাচ্ছেন। গতকাল (১২ নভেম্বর সোমবার) ঢাকায় নায়েম অডিটোরিয়ামে বিসিএস শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের ১৫৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪)।

**৯। তফসিলের পরই নির্বাচনকালীন সরকার শুরু : মন্ত্রিপরিষদ সচিব**

নির্বাচনকালীন সরকারের বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে কোনো ঘোষণা না এলেও ঐ সরকারের কার্যক্রম শুরু হয়ে গেছে বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম। গতকাল (১২ নভেম্বর সোমবার) প্রধানমন্ত্রীর সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকশেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। মন্ত্রিপরিষদ সচিব বলেন, নির্বাচনের তফসিল ঘোষণার পর থেকেই নির্বাচনকালীন সরকার শুরু হয়ে গেছে। সূত্র-**সমকাল** ( শেষ পৃ,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.২) **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.২,ক.২)।

**১০। আজ থেকে সপ্তাহব্যাপী আয়কর মেলা শুরু**

করসেবা প্রদান ও কর সচেতনতা বাড়াতে প্রতিবছরের মতো এবারও দেশব্যাপী আয়কর মেলা শুরু হচ্ছে আজ থেকে। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ‘উন্নয়ন ও উত্তরণ, আয়করের অর্জন’ স্লোগানকে সামনে রেখে এবারের মেলার প্রতিপাদ্য হচ্ছে ‘আয়কর প্রবৃদ্ধির মাধ্যমে সামাজিক ন্যায়বিচার ও ধারাবাহিক উন্নয়ন নিশ্চিতকরণ’। রাজধানী ঢাকাসহ বিভাগীয় শহরে সপ্তাহব্যাপী মেলা চলবে ১৯ নভেম্বর পর্যন্ত। রাজধানীর মেলা হবে মিন্টো রোডের অফিসার্স ক্লাব প্রাঙ্গণে। এছাড়া সব জেলা শহরে চার দিন এবং ৩২টি উপজেলায় দুই দিন মেলা হবে। পাশাপাশি ৭০টি উপজেলায় এক দিন ভ্রাম্যমাণ মেলা অনুষ্ঠিত হবে। ঢাকায় মেলার উদ্বোধন করবেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এনবিআর থেকে এ বিষয়ে জানানো হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৩) **জনকণ্ঠ,**(পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.৪)।

**সম্পাদকীয়**

ক. **যায়যায়দিন, ভোরের কাগজ, সমকাল, ইনকিলাব :** দেশের উল্লেখযোগ্য সব রাজনৈতিক দল ও জোট আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিচ্ছে এ খবরে স্বস্তি প্রকাশ করে দেশের উন্নয়ন ও গণতন্ত্র যাতে আরও এক ধাপ এগিয়ে যায় সে ব্যাপারে সব দলকে দায়িত্বশীল হওয়ার আহ্বান।

খ. **ইত্তেফাক :** রাজধানীতে ফিটনেসবিহীন ও ঝুঁকিপূর্ণ লক্করঝক্কর গাড়িগুলোতে চলাচল যেমন বিপদজনক, তেমনি নগরীর সৌন্দর্যও বিনষ্ট হচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল :** মিরপুর এলাকায় সন্ত্রাসীদের সক্রিয় একটি চক্রের হুমকি ও চাঁদাবাজির ভয়ংকর ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ কামনা।

ঘ. **যায়যায়দিন :** অসচেতনতা, সময়মতো চিকিৎসাকেন্দ্রে না আসা ও সঠিক চিকিৎসার অভাবে নিউমোনিয়া আক্রান্ত শিশুদের মৃত্যুর হার কমানো যাচ্ছে না উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের স্বদেশে ফেরত নেয়ার বিষয়ে বাংলাদেশ ও মিয়ানমার ১৫ নভেম্বর দিনক্ষণ ঠিক করেছে উল্লেখ করে প্রত্যাবাসন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **ইন্ডিপেনডেন্ট :** পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকর প্লাস্টিক ব্যাগের ব্যবহার বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ছ. **নিউ এজ :** একটি সুন্দর পরিবার গঠনে দরিদ্র নারীদের স্বাবলম্বী করে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**বণিক বার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দক্ষ যুবশক্তি তৈরি ও তাদের সঠিক কর্মসংস্থানের ওপর ভবিষ্যৎ বাংলাদেশের উন্নতি নির্ভর করছে।

**নিবন্ধ ও ফিচার**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **‘সমৃদ্ধ অর্থনীতির স্বার্থে ব্যবসার সুযোগ বাড়াতে হবে’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সুপরিকল্পিত উন্নয়ন প্রক্রিয়ার আওতায় বিনিয়োগবান্ধব পরিবেশ তথা অবকাঠামোগত উন্নয়ন ঘটিয়ে দেশের বিপুল জনগোষ্ঠীর দক্ষতা কাজে লাগানো গেলে আমাদের উন্নয়ন ও অগ্রগতির স্বপ্ন বাস্তবে রূপলাভ করবে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা